গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
নাসিরাবাদ, চট্টগ্রাম।
ওয়েব সাইট : cgwc.edu.bd

নম্বর : ১৫৮

তারিখ : ৩১/০৭/২০২১ খ্রিঃ

## ২০২১ সালের এইচ.এস.সি অনিয়মিত/আংশিক বিষয়ে অকৃতকার্য ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি :

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর স্মারক নং- চশিবো/পরী-উমা/পরি-২৮(অংশ-৬)/২০০০/৮৪২(২), তারিখ : ২৯/০৭/২০২১ খ্রিঃ মোতাবেক ২০২১ সালের এইচ.এস.সি অনিয়মিত/আংশিক বিষয়ে অকৃতকার্য ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতির অংশ হিসেবে সংযুক্তি মোতাবেক অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, অত্র কলেজের স্মারক নং- ১৫৫/১/২১, তারিখ : ২৭/০৭/২০২১ খ্রিঃ অনুসরণ করে নির্ধারিত অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর
৩১/০৭/২১

**(প্রফেসর তাহমিনা আক্তার নূর)**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

31.07.2021
আহবায়ক
২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট কার্যক্রম পরিচালনা কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।
Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং: চশিবো/পরী-উমা/পরি-২৮(অংশ-৬)/২০০০/৮৪২(২) তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি:

সূত্র: আন্তঃ শিক্ষা বোর্ডের স্মারক নং-৭৯, তারিখ: ২৯/০৭/২০২১ খ্রি:

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ও পরীক্ষার নম্বর হ্রাস করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা গ্রহণ করা হবে।

২। ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীর পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ আবশ্যক।

৩। ক) ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে শুধু গ্রুপভিত্তিক ৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

খ) আংশিক বিষয়ে অকৃতকার্য(এক/দুই বিষয়ে অকৃতকার্য)পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণ- একজন আংশিক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা(আবশ্যিক বিষয়) ও রসায়ন(নৈর্বাচনিক বিষয়)-এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু রসায়ন বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।

গ) আবশ্যিক ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

4। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইট থেকে শিক্ষার্থীদের জন্য প্রদত্ত অ্যাসাইনমেন্ট সংগ্রহ করে নির্দেশিকা মোতাবেক সম্পন্ন করবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

**বিষয়টি অতীব জরুরী।**

(নারায়ন চন্দ্র নাথ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।

প্রতিষ্ঠান প্রধান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রামের
আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান